ISO 9001:2015 Certified

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

**জগন্নাথপুর, ঠাকুরগাঁও।**

## কোটেশনের মাধ্যমে ডাবল কেবিন পিক-আপ (ঢাকা মেট্রো-ঠ-১৩-১২১৮) গাড়ী মেরামতের যন্ত্রাংশ সরবরাহসহ মেরামত করনের লক্ষ্যে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল (আরএফকিউ)

-----------------------------------

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

## জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

**ডাবল কেবিন পিক-আপ (ঢাকা মেট্রো-ঠ-১৩-১২১৮) গাড়ী মেরামতের যন্ত্রাংশ সরবরাহসহ মেরামত করনের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র ।**

কোটেশন নম্বর: ২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৫.৭৪৬(২৫/২০২৪-২০২৫), তারিখ: ০৯/০২/২০২৫ খ্রি:

প্রতি,

[কোটেশনদাতার নাম ও ঠিকানা লিখুন]

..........................................................

১. বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.০১৭.৫০১.২০.২৪.৮০৭ তারিখ:- ০৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দে জারীকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করত: ঠাকুরগাঁও পবিসের নিজস্ব তহবিলের আওতায় চাহিদা অনুযায়ী এই দরপত্র দলিল প্রস্তুত পূর্বক জারি করা হয়েছে ।

২. **জেনারেল ম্যানেজার,** ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে নিজস্ব তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

৩. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৪. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৫. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৬. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৭. সিলমোহরকৃত খামের মাধ্যমে **১৬/০২/২০২৫ খ্রিঃ রোজ রবিবার বেলা ১১.৩০ ঘটিকা**-এ বা এর পূর্বে কোটেশন **ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও**-এ দাখিল করতে হবে। কোটেশনের খামে **"ডাবল কেবিন পিক-আপ (ঢাকা মেট্রো-ঠ-১৩-১২১৮) গাড়ী মেরামতের যন্ত্রাংশ সরবরাহসহ মেরামত করন"** এর জন্য কোটেশন এবং **১৬/০২/২০২৫ খ্রিঃ রোজ রবিবার বেলা ১১.৩৫ ঘটিকা**-এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৮. প্রাপ্ত কোটেশন সমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৯. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

১০. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম **৬০ (ষাট)** দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১১. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১২. ডাবল কেবিন পিক-আপ (ঢাকা মেট্রো-ঠ-১১-৫৮০৯) গাড়ী মেরামতের যন্ত্রাংশ সরবরাহসহ মেরামত করনের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর পবিস কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহণ করা হবে । সন্তোষজনকভাবে ডাবল কেবিন পিক-আপ গাড়ীটি মেরামত করতে হবে এবং গাড়ীর কাজ শেষ করার পর বিল দাখিল স্বাপেক্ষে দাখিলকৃত বিল হতে

সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেক/BEFTN/RTGS এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে। BEFTN/RTGS এর মাধ্যমে বিল প্রাপ্তির জন্য আপনার প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নং ও রাউটিং নং সহ আবেদন করতে হবে।

১৩. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আবগারী ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১৪. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৫. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণ স্বরূপ হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৬. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৭. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৮. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **১০ (দিন)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৯. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (দিন)** দিনের মধ্যে জারী করতে হবে।

২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও
মোবাইল নম্বর ০১৭৬৯৪০০০৭৯
ই-মেইল thkpbs@gmail.com

**বিতরণ: (সদয় অবগতি ও কর্যার্থে প্রেরণ করা হল), জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩।জেলা প্রশাসক, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৪। পুলিশ সুপার, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..........................পবিস ১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঠাকুরগাঁও।
০৭। ডিজিএম, (সদর-কারিগরি)/পঞ্চগড়/পীরগঞ্জ/বলিয়াডাঙ্গী/রানীশংকৈল/দেবীগঞ্জ/বুহিয়া জোনাল অফিস, ঠাপবিস।
০৮। এজিএম, বোদা/আটোয়ারি/হরিপুর সাব-জোনাল অফিস, ঠাকুরগাঁও পবিস।
০৯। এজিএম (প্রশাসন/সদস্য সেবা/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি), ঠাকুরগাঁও পবিস।
১০। ওয়েবসাইট pbs.thakurgaon.gov.bd
১১। নোটিশ বোর্ড, ঠাকুরগাঁও পবিস।
১২। অফিস/মাস্টার কপি ।

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: ২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৫.৭৪৬ (২৫/২০২৪-২০২৫)

তারিখ: ০৯/০২/২০২৫ খ্রিঃ

প্রতি
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী **ডাবল কেবিন পিক-আপ ( ঢাকা মেট্রো-ঠ-১৩-১২১৮) গাড়ী মেরামতের যন্ত্রাংশ সরবরাহসহ মেরামত করন** এর জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন] ......................................................

..........................................................................................................................................

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [তারিখ লিখুন] ...............................তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১ | লুকিং গ্লাস কভার,ডান পার্শ্ব, (চায়না) | টি | ০১ | | | | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ২ | মারগাট রাউন্ড কভার,বাম পার্শ্ব, (চায়না) | টি | ০১ | | | | |
| ৩ | ক্লাচ প্লেট (থাইল্যান্ড) | সেট | ০১ | | | | |
| ৪ | প্রেসার প্লেট (থাইল্যান্ড) | সেট | ০১ | | | | |
| ৫ | রিলিজ বিয়ারিং (জাপান) | টি | ০১ | | | | |
| ৬ | হ্যান্ডেল কভার (চায়না) | টি | ০১ | | | | |
| ৭ | এক্সপেয়ার টায়ারের পোলার (থাইল্যান্ড) | টি | ০১ | | | | |
| ৮ | ডেন্টিং পেন্টিং | - | - | | | | |
| ৯ | লেদে কাজ | - | - | | | | |
| ১০ | মেরামত বাবদ | - | - | | | | |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ............/.........../............... (দিন/মাস/বছর) পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: ........../......./...... দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীনে পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | লুকিং গ্লাস কভার, ডান পার্শ্ব | চায়না | | |
| ২ | মারগাট রাউন্ড কভার, বাম পার্শ্ব | চায়না | | |
| ৩ | ক্লাচ প্লেট | থাইল্যান্ড | | |
| ৪ | প্রেসার প্লেট | থাইল্যান্ড | | |
| ৫ | রিলিজ বিয়ারিং | জাপান | | |
| ৬ | হ্যান্ডেল কভার | চায়না | | |
| ৭ | এক্সপেয়ার টায়ারের পোলার | থাইল্যান্ড | | |
| ৮ | ডেন্টিং পেন্টিং | - | | |
| ৯ | লেদে কাজ | - | | |
| ১০ | মেরামত বাবদ | - | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ:....../...../...... দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। **ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট** সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে **ক্রয়তব্য পণ্য** ও সংশ্লিষ্ট সেবার **কারিগরি দক্ষতা,** দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। **বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম ,** দ্রব্যাদি **এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নেবেশিত হবে।**

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

## জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

## ডাবল কেবিন পিক-আপ (ঢাকা মেট্রো-ঠ-১৩-১২১৮) গাড়ী মেরামতের যন্ত্রাংশ সরবরাহসহ মেরামত করনের জন্য ক্রয় আদেশ।

ক্রয় আদেশ নম্বর (২৫/২০২৪-২০২৫)

তারিখ: ০৯/০২/২০২৫ খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: ২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৫.৭৪৬ (২৫/২০২৪-২০২৫) | তারিখ: ০৯/০২/২০২৫ খ্রিঃ |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য:<br>টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ........... তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ০৯/০২/২৫<br>(মোহাম্মদ আসাদুজ্জামান খান)<br>জেনারেল ম্যানেজার<br>ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি<br>জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| তারিখঃ ০৯/০২/২০২৫খ্রিঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় **বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।**

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১.মোট চুক্তি মূল্য টাকা [অংকে] ..........................[কথায়]....................................................................

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ........................................................................................

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে **ক্ষতিবহন প্রতিশ্রুতি** থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| (মোহাম্মদ আসাদুজ্জামান খান)<br>জেনারেল ম্যানেজার<br>ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি<br>জগন্নাথপুর, ঠাকুরগাঁও। | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখঃ ০৯/০২/২০২৫ খ্রিঃ | তারিখঃ |

-: সমাপ্ত :-